“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়: ‘তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন’ শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি’র ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল
সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ : ১৯ জুলাই, ২০২২।
সময় : সকাল ১০.৩০ ঘটিকায়।
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ ও অনলাইন Zoom প্লাটফর্ম।
উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট - ‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভায় কার্যপত্র উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যপত্রের ভিত্তিতে সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনার বিবরণ | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন। | প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) বিগত ০১ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত ১ম পিএসসি সভার কার্যবিবরণী পাঠ করেন এবং উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | কোনো সংশোধনী না থাকায় ১ম পিএসসি সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। |
| ০২ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা | প্রকল্প পরিচালক জানান যে, ‘তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন’ শীর্ষক প্রকল্পটি সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং আত্ম-নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধকরণ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে বাস্তবায়িত হচ্ছে। মোট ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটি জানুয়ারী ২০২১-ডিসেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের আরএডিপিতে প্রকল্পটির অনুকূলে মোট ৭৬৪০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যার মধ্যে ৭৪৮১.০০ লক্ষ টাকা (৯৭.৯২%) ব্যয় হয়েছে।<br><br>তিনি উল্লেখ করেন যে, প্রকল্পের সদর কার্যালয়ে হিসাবরক্ষক পদটি শূন্য রয়েছে। ডিপিপি অনুযায়ী পদটি প্রেষণ/অতিরিক্ত দায়িত্ব প্রদানের মাধ্যমে পূরণ করতে হবে।<br><br>সভাপতি বলেন যে, অনুমোদিত ডিপিপি অনুযায়ী একজন ২/৩ গ্রেডের কর্মকর্তা এ প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করা আবশ্যক। তিনি জানুয়ারী ২০২১ এ শুরু হওয়া প্রকল্পে হিসাবরক্ষকের পদটি অদ্যাবধি শূন্য থাকার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন যে, এতে প্রকল্পের স্বাভাবিক কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে সমস্যা হচ্ছে। তিনি দ্রুত ‘হিসাবরক্ষক’ পদটি পূরণের জন্য এ মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখার যুগ্মসচিবকে নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা জানান যে, এই প্রকল্পে ‘হিসাবরক্ষক’ পদ শূন্য থাকার বিষয়টি তিনি অবহিত নন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প পরিচালক হিসেবে প্রকল্পে একজন ২/৩ গ্রেডের কর্মকর্তাকে পদায়ন এবং ‘হিসাবরক্ষক’ পদটি পূরণের জন্য জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | **সিদ্ধান্ত:**<br>ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী একজন ২/৩ গ্রেডের কর্মকর্তাকে এ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) ‘হিসাবরক্ষক’ পদটি অতি দ্রুত পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>১) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।<br>২) অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৩) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক। |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনার বিবরণ | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৩ | প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা | প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় ৬৪ জেলার ৮০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ফ্যাশন ডিজাইন, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, বিউটিফিকেশন, ক্যাটারিং, বিজনেস ম্যানেজমেন্ট, বেবি কেয়ার, হাউজ কিপিং বিষয়ে মোট ২,৫৬,০০০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান হবে। ২০২১-২২ অর্থবছরে ১৭২২টি ব্যাচে মোট ৪২,৯২২ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, এ প্রকল্পের প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তৈরী করা হয়েছে।<br><br>সভাপতি বলেন যে, একই ব্যক্তি যাতে একাধিক কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে। পরিকল্পনা কমিশন, আইএমইডি এবং অর্থ বিভাগের প্রতিনিধি এ বিষয়ে একমত পোষণ করেন।<br><br>বিস্তারিত আলোচনান্তে এ মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার আওতায় বাস্তবায়নাধীন সকল প্রশিক্ষণধর্মী প্রকল্পের জন্য মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট হতে একটি সেন্ট্রাল ডাটাবেজ তৈরীর নির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণ কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করা, একই ব্যক্তি যাতে একাধিক কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকা এবং প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে কয়জন উদ্যোক্তা হয়েছে সে সংক্রান্ত তথ্যাদি সচিব মহোদয়কে অবহিতকরণের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া এ প্রকল্পে কর্মরত বিজনেস ম্যানেজমেন্ট প্রশিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতাসহ যাবতীয় তথ্য মন্ত্রণালয়কে প্রদানের নির্দেশনা দেয়া হয়। | **সিদ্ধান্ত:**<br>ক) এ মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থার আওতায় বাস্তবায়নাধীন সকল প্রশিক্ষণধর্মী প্রকল্পের জন্য মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট হতে একটি সেন্ট্রাল ডাটাবেজ তৈরী করতে হবে।<br>খ) প্রশিক্ষণ কেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>গ) একই ব্যক্তি যাতে একাধিক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করতে না পারে সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।<br>ঘ) প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে সুনির্দিষ্টভাবে কতজন উদ্যোক্তা হয়েছে সে সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালক মন্ত্রণালয়কে অবহিত করবেন।<br>ঙ) প্রকল্প পরিচালক প্রকল্পে কর্মরত বিজনেস ম্যানেজমেন্ট প্রশিক্ষকদের নাম ও শিক্ষাগত যোগ্যতাসহ যাবতীয় তথ্যাদি সংগ্রহ করে সুবিধাজনক সময়ে সচিব মহোদয়কে অবহিত করবেন।<br><br>**বাস্তবায়নকারী:**<br>১) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।<br>২) অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।<br>৩) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।<br>৪) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। |
| ০৪ | বিবিধ | যুগ্মসচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) উল্লেখ করেন যে, প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি আইএমইডি'র ০৫/২০০৩ (সংশোধিত) ছক অনুযায়ী সভায় উপস্থাপন করা আবশ্যক। এ ছকে প্রকল্পের ক্রমপুঞ্জিত এবং বর্তমান অর্থবছরের হালনাগাদকৃত বাস্তব এবং আর্থিক অগ্রগতির বিস্তারিত তথ্যাদি অন্তর্ভূক্ত থাকে বিধায় সভায় প্রকল্প সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ আরো কার্যকর হয়।<br><br>যুগ্মসচিব (উন্নয়ন) বলেন যে, অর্থবছরের শুরুতেই বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা আবশ্যক।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের এবং স্টিয়ারিং কমিটির সভায় আইএমইডি'র ০৫/২০০৩ (সংশোধিত) ছকে প্রকল্পের তথ্যাদি উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, প্রকল্পের বাস্তব/দৃশ্যমান অগ্রগতি সম্পর্কে সচিব মহোদয়কে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়। | **সিদ্ধান্ত:**<br>ক) কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) স্টিয়ারিং কমিটির সভায় আইএমইডি'র ০৫/২০০৩ (সংশোধিত) ছকে প্রকল্পের তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>গ) প্রকল্পের বাস্তব/দৃশ্যমান অগ্রগতি সম্পর্কে দ্রুত সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী:**<br>১) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।<br>২) প্রকল্প পরিচালক। |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুজ্জামান কল্লোল<br>
সচিব<br>
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়